

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫০৩১

খোয়াই, ০২ মার্চ, ২০২৪

টিকাকরণ : খোয়াই জেলা টাঙ্গ ফোর্সের সভা

খোয়াই জেলা শাসক কার্যালয়ের কনফারেন্স হলে সম্প্রতি টিকাকরণ কর্মসূচি নিয়ে জেলা টাঙ্গ ফোর্সের এক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন জেলা শাসক চাঁদনী চন্দ্রন, জেলা ইমুনাইজেশন অফিসার ডাঃ বিক্রম দেববর্মা, ডিসিএম প্রণব কুমার দেববর্মা প্রমুখ। সভায় জেলাশাসক টিকাকরণ কর্মসূচি নির্দেশিকা মেনে সম্পন্ন করার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, টিকাকরণ নিয়ে জনসাধারণকে সচেতন করতে হবে। সভায় জেলা ইমুনাইজেশন অফিসার জানান, খোয়াই জেলায় রাণ্টিন টিকাকরণ কর্মসূচিতে ১,৫৭০টি শিশুকে বিসিএ, ৩,৮০৫টি শিশুকে পেন্টা-১, পেন্টা-২ ও পেন্টা-৩ টিকা দেওয়া হয়েছে। আগামীকাল থেকে জাতীয় টিকাকরণ দিবস কর্মসূচিতে জেলার ৬টি ব্লক ও ২টি পুর পরিষদ এলাকায় পোলিও টিকাকরণ কর্মসূচি শুরু হবে। এই কর্মসূচি চলবে ৫ মাচ পর্যন্ত।

\*\*\*\*\*